গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
প্রশাসন শাখা-১
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১০৫.০৬.০০১.১৪-১৫৩ তারিখঃ ২৫/০৩/২০২১ খ্রি.।

বিষয়ঃ ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভা বিগত ২৪/০২/২০২১ খ্রি. তারিখ সচিব মহোদয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৫/৩/২১

(মোঃ আনিছুন নবী)
সহকারী সচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৫৭৩।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। যুগ্মসচিব (ড্রাফটিং) (সকল)/যুগ্মসচিব (বাজেট)/যুগ্মসচিব (লে.অ), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), 'আইনি গবেষণার মাধ্যমে তারতম্যমূলক আইন ও নীতি চিহ্নিতকরণপূর্বক উহা সংস্কার' শীর্ষক প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপসচিব (ড্রাফটিং) (সকল)/উপসচিব(পরিকল্পনা ও উন্নয়ন)/উপসচিব (লে.অ) (সকল), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৫। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৭। সিনিয়র সহ: সচিব (ড্রাফটিং) (সকল)/সিনিয়র সহ: সচিব (লে.অ)(সকল)/প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৮। সহকারী সচিব (প্রশাসন-১/২/৩/৪/প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখা/কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা/বাজেট শাখা/আইন শাখা/সংশোধন ও অভিযোজন শাখা/সংসদ শাখা/মুদ্রণ ও প্রকাশনা শাখা/হিসাব শাখা), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
০৯। সহকারী সচিব (ড্রাফটিং) (সকল)/সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (লে.অ) (সকল)/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/হিসাব রক্ষণ কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। সহকারী প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ)।
১১। যুগ্মসচিব (প্রশাসন-১), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১২। উপসচিব (প্রশাসন-১), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৩। অফিস কপি।

D/K.M Gias Uddin/Admin-1/Monthly Meeting Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
প্রশাসন শাখা-১
www.legislativediv.gov.bd

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মইনুল কবির, সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
সভার স্থান	:	ভার্চুয়ালী (জুম)
তারিখ	:	২৪/০২/২০২১ খ্রি. তারিখ, বুধবার
সময়	:	বিকাল ০৩.৩০ ঘটিকা

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে জাতির পিতার জন্ম শতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর এ শুভক্ষণে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের মহান স্থপতি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে।গভীর শ্রদ্ধার সাথে তিনি স্মরণ করেন মাতৃভাষা বাংলার অধিকার আদায়ে জীবন উৎসর্গকারী সকল বীর ভাষা শহীদ ও ভাষা সৈনিকদের । তিনি শ্রদ্ধার সাথে আরো স্মরণ করেন ১৯৭৫ সালের ১৫ই আগস্ট কালো রাতে দেশী-বিদেশী ষড়যন্ত্রের ফলে কতিপয় বিপথগামী উচ্ছৃংখল সেনা সদস্যদের হাতে নিহত বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদেরকে। তিনি গভীর শ্রদ্ধার সাথে আরো স্মরণ করেন মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী শহীদদেরকে, বীর মুক্তিযোদ্ধাদেরকে এবং সম্ভ্রম হারানো ২ (দুই) লক্ষ মা বোনকে। গভীর শ্রদ্ধার সাথে তিনি স্মরণ করেন ১৯৭৫ সালের ৩রা নভেম্বর ঢাকা কেন্দ্রীয় কারাগারে নৃশংস হত্যাকান্ডে নিহত জাতীয় চার নেতাকে। প্রয়াত সচিব জনাব নরেন দাসসহ এ বিভাগের সকল সাবেক কর্মকর্তাদের অবদানকেও গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। করোনা মহামারীকালেও স্বাস্থ্য বিধি মেনে এ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে চলমান রাখার জন্য সভাপতি মহোদয় কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানান- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক এম.পি. এর প্রতি।

০২। সভাপতি মহোদয় আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য যুগ্মসচিব (প্রশাসন-১) ড. মোহাম্মদ মহিউদ্দীনকে-কে আহবান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন-১) আলোচ্যসূচি অনুযায়ী ফেব্রুয়ারি, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় তথ্যাদি উপস্থাপন করেন এবং পর্যায়ক্রমে এ বিভাগের শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্যাদি উপস্থাপনের অনুরোধ জানানোর পর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ শাখার কার্যক্রম ও নিষ্পন্নাধীন বিষয়ে সভাকে অবহিত করেন।

০৩। যুগ্মসচিব (ড্রাফটিং)গণ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে আইন, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, চুক্তি ও আইনগত মতামতের জন্য প্রেরিত নিষ্পন্ন ও নিষ্পন্নাধীন নথির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উক্ত সমন্বয় সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	এ বিভাগের বিভিন্ন শাখার কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়।	ক) সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ শাখার কার্যক্রম হালনাগাদকরণসহ পরবর্তী সভায় উপস্থাপন করবেন। সংশ্লিষ্ট শাখার উর্ধ্বতন কর্মকর্তাগণ যথারীতি শাখা পরিদর্শন করবেন। খ) শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন যুগ্মসচিবগণের নিকট প্রেরণ করবেন।	সকল শাখা

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.২	এ বিভাগের বিভিন্ন দপ্তরে সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রেরিত নিষ্পন্নাধীন নথি/কাজের অগ্রগতি পর্যালোচনা।	সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রেরিত নিষ্পন্নাধীন নথি/কাজের পরিমাণ যে সকল দপ্তরে বেশি তা তুলনামূলকভাবে নথি/কাজের পরিমান যে দপ্তরে কম ঐ সকল দপ্তরের সাথে সমন্বয় করে তা নিষ্পত্তি করতে হবে।	যুগ্মসচিব (ড্রাফটিং)(সকল)
৪.৩	এ বিভাগের কর্মকর্তাগণ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার সাথে যে সকল সভায় অংশগ্রহণ করা হয় তা নিয়ে আলোচনা হয়।	যুগ্মসচিব ও উপসচিবগণ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার যে সকল সভায় অংশগ্রহণ করেন তদসংক্রান্ত তথ্য/অগ্রগতি সংশ্লিষ্ট যুগ্মসচিবের মাধ্যমে সচিবকে অবহিত করতে হবে।	সকল কর্মকর্তা

০৪। সভাপতি মহোদয় পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২০২১

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।